




ISO 9001:2015 Certified



## বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ বেতগাড়ী, বনানী, বগুড়া।

টেলিফোন : ০৫১-৭৮৩৬০, মোবাইল নং- ০১৭৬৯-৪০০০৯০, E-mail : bograpbs2@gmail.com

স্মারক নং-২৭.১২.১০৮৫.৫৭৪.০৫.০০৮.২০. ১৪১

তারিখ : ০৯.০১.২০২০ খ্রিঃ।

### “রেগুলার ইলেকট্রিশিয়ান প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের বিজ্ঞপ্তি”

বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.০২৯.৫৬.৮১৯.১৯.১৫৩৪, তারিখ-০৩/০৬/২০১৯ মোতাবেক আগামী ২০২০ খ্রিঃ-কে “মুজিব বর্ষ” হিসেবে পালন উপলক্ষে বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষজনশক্তি সৃষ্টির জন্য বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসেবে অন্তর্ভুক্তকরণের লক্ষ্যে রেগুলার ইলেকট্রিশিয়ান ট্রেনিং শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে। বগুড়া জেলার শাজাহানপুর, সারিয়াকান্দি, শেরপুর, গাবতলী, সোনাতলা ও ধুনট এই ৬টি উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাবলী ও যোগ্যতা প্রতিপালন সাপেক্ষে স্ব হস্তে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।


#### যোগ্যতা :

(০১) শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম এসএসসি বা সমমানের) (০২) প্রার্থীর বয়স ২০.০১.২০২০ খ্রিঃ তারিখ ন্যূনতম ১৮ এবং সর্বোচ্চ ৪০ বছর হতে হবে।

#### শর্তাবলী :


- (ক) আত্রাহী প্রার্থীকে সাদা কাগজে জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, বেতগাড়ী, বনানী, বগুড়া বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে ১. নাম (বাংলায় ও ইংরেজীতে), ২. পিতার নাম, ৩. মাতার নাম, ৪. স্থায়ী ঠিকানা, ৫. বর্তমান ঠিকানা, ৬. মোবাইল নং-, ৭. জন্ম তারিখ ও বয়স, ৮. শিক্ষাগত যোগ্যতা, ৯. অভিজ্ঞতা (যদি থাকে), উল্লেখ পূর্বক সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, স্থায়ী বাসিন্দার সমর্থনে সংশ্লিষ্ট পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে। প্রার্থীকে আবেদনপত্র এবং উল্লেখিত সকল ডকুমেন্টসহ আগামী ২০.০১.২০২০ খ্রিঃ তারিখের মধ্যে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে পৌঁছাতে হবে। বিলম্বে প্রাপ্ত ও অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (খ) আগামী ২০.০১.২০২০ খ্রিঃ তারিখ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তরে মূল কাগজপত্রাদিসহ উপস্থিত হয়ে প্রাথমিক বাছাই পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে এবং উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে ১ম ৩০ জনের ৩য় ব্যাচের প্রশিক্ষণ ক্লাশ আগামী ২৬.০১.২০২০ খ্রিঃ তারিখ হতে শুরু হবে।
- (গ) এই প্রশিক্ষণ কোর্সের মেয়াদ ২ মাস এবং কারিকুলাম প্রশিক্ষণে অংশ গ্রহণের পর দেয়া হবে।
- (ঘ) প্রাথমিক বাছাই পরীক্ষায় নির্বাচিত প্রার্থীগনকে প্রশিক্ষণের জন্য কোর্স ফি প্রদান করতে হবে না।
- (ঙ) প্রার্থীগনকে সিডিউল মোতাবেক নিয়মিত নিজস্ব ব্যবস্থাপনায় প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে।
- (চ) প্রশিক্ষণ কোর্স শেষে বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড, ঢাকা কর্তৃক অনুষ্ঠিত চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীগনের তালিকাভুক্ত করে ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসাবে প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকার গ্রাহকের হাউজ ওয়্যারিং কাজ করার অনুমতি প্রদান করা হবে। পরবর্তীতে কাজের দক্ষতা, সততা, নিষ্ঠা, প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা ইত্যাদি মূল্যায়ন পূর্বক কাজের অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হবে।
- (ছ) ভিলেজ ইলেকট্রিশিয়ানগণ বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মচারী হিসাবে বিবেচিত হবেন না বিধায় সমিতি হতে কোন বেতন / ভাতা পাবেন না।
- (জ) অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে বর্তমানে ভিলেজ ইলেকট্রিশিয়ান হিসাবে কর্মরত আছেন, এরূপ ব্যক্তির আবেদন করার প্রয়োজন নাই।
- (ঝ) উল্লেখ করা হয়নি বিষয়েতে এরূপ কোন বিষয় / জটিলতার উদ্ভব হলে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

উক্ত বিজ্ঞপ্তি অত্র সমিতির ওয়েবসাইটে ([www.pbs2.bogra.gov.bd](http://www.pbs2.bogra.gov.bd)) প্রকাশ করা হয়েছে।

  
(প্রকৌঃ মোঃ আব্দুল কুদ্দুস)  
জেনারেল ম্যানেজার।

#### অনুলিপি (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

- ০১৥ নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২৥ জেলা প্রশাসক, বগুড়া (কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩৥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ) / প্রশিক্ষণ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪৥ উপজেলা চেয়ারম্যান, শাজাহানপুর / গাবতলী/শেরপুর/ধুনট/সারিয়াকান্দি/সোনাতলা (কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫৥ মেয়র, শেরপুর/গাবতলী/ধুনট/সারিয়াকান্দি/সোনাতলা (কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬৥ উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর / গাবতলী/শেরপুর/ধুনট/সারিয়াকান্দি/সোনাতলা (কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭৥ সভাপতি, সমিতি বোর্ড।
- ০৮৥ চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ (কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯৥ ডিজিএম, সদর দপ্তর--কারিগরি/গাবতলী/শেরপুর/সারিয়াকান্দি/ধুনট/সোনাতলা জোনাল অফিস।
- ১০৥ এজিএম, সদস্য সেবা/অর্থ/প্রশাসন/ওএন্ডএম।
- ১১৥ নোটিশ বোর্ড, এরিয়া অফিস/ সকল অভিযোগ কেন্দ্র।

  
(প্রকৌঃ মোঃ আব্দুল কুদ্দুস)  
জেনারেল ম্যানেজার।